

চিঠি

চিঠিপত্র

আনন্দ মোহন কলেজে ছাত্রাবাস খুলে দিন

লেখা: হল বন্ধ থাকায় তাঁরা বসবাসের বিকল্প ব্যবস্থা খুঁজতে গিয়ে আর্থিক ও মানসিক চাপে পড়েছেন।

প্রকাশ: ০১ ফেব্রুয়ারি ২০২৫, ২০: ৪৮



ময়মনসিংহের ঐতিহ্যবাহী আনন্দ মোহন কলেজে আবাসিক হলের সিট নবায়নকে কেন্দ্র করে সংঘর্ষের জেরে কলেজ কর্তৃপক্ষ ১২ জানুয়ারি থেকে হল ও কলেজ বন্ধ ঘোষণা করেছে। এ ঘটনায় সবচেয়ে বেশি ভোগান্তির শিকার হচ্ছেন সাধারণ শিক্ষার্থীরা।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স দ্বিতীয় বর্ষ ও মাস্টার্স শেষ বর্ষের শিক্ষার্থীদের পরীক্ষাসহ কলেজের বিভিন্ন বিভাগের ইনকোর্স ও টেস্ট পরীক্ষা চলমান থাকায় তাঁরা মারাত্মক আবাসিক সংকটে পড়েছেন। অনেক শিক্ষার্থী ময়মনসিংহের

বাইরের হওয়ায় হল বন্ধ থাকায় তাঁদের পরীক্ষার প্রস্তুতিতে সমস্যা হচ্ছে।

এ ছাড়া আবাসিক শিক্ষার্থীদের একটি বড় অংশ টিউশনি বা পার্টটাইম চাকরির সঙ্গে যুক্ত। হল বন্ধ থাকায় তাঁরা বসবাসের বিকল্প ব্যবস্থা খুঁজতে গিয়ে আর্থিক ও মানসিক চাপে পড়েছেন। পরীক্ষার প্রস্তুতির জন্য স্বাভাবিক পরিবেশ নিশ্চিত করা তাঁদের জন্য অত্যন্ত জরুরি। শিক্ষার্থীদের পক্ষ থেকে দ্রুত হল খুলে দেওয়ার দাবি জানানো হয়েছে। তাঁরা কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন, পরীক্ষার কথা বিবেচনা করে যেন আবাসিক হলগুলো খুলে দেওয়া হয় এবং স্বাভাবিক পরিবেশ নিশ্চিত করা হয়। এ বিষয়ে কলেজ কর্তৃপক্ষের কার্যকরী পদক্ষেপ ও দৃষ্টি আকর্ষণ করছি।

আহমেদ জুনাইদ

শিক্ষার্থী,

আনন্দ মোহন কলেজ

